



ত্রিপুরায় নেশার প্রকোপ দিন দিন বেড়েই চলছে। নেশাকারবারিরা নিত্যনতুন পন্থা অবলম্বন করে নেশা সামগ্রী পাচার ও মজুত করে রাখছে। ...বিস্তারিত পাতা ৩



জলপাইগুড়ির বেলাকোবা পঞ্চায়েতের একজন জমী বিজেপি প্রার্থী ও তাঁর স্বামীকে অপহরণের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ...বিস্তারিত পাতা ৫



বারানসির জ্ঞানবাগী মসজিদ নিয়ে চলতে থাকা বিতর্কের মাঝেই উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের কাছ থেকে বড় বিবৃতি এসেছে। ...বিস্তারিত পাতা ৬



বেঙ্গালুরুতে অনুশীলন ম্যাচের পর নেটে বল করছিলেন বুঝার। সেইসময় ফের চোট লাগে। প্রাথমিকভাবে অনুমান, বুঝার হামস্ট্রিংয়ে চোট লেগেছে। ...বিস্তারিত পাতা ৮

‘উদ্ব্বেগজনক পরিস্থিতি’, অভিষেকের কর্মসূচিতে ‘না’ হাইকোর্টের! ‘জয়’ দেখছে বিজেপি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাইঃ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কর্মসূচিতে ‘না’ কলকাতা হাইকোর্টের। বিজেপি কমীদার বাড়ি ঘেরাও কর্মসূচিতে ‘না’ হাইকোর্টের। নির্দেশ প্রধান বিচারপতিরা। এই কর্মসূচি জনস্বার্থ বিরোধী। এমনই মন্তব্য প্রধান বিচারপতির। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যের প্রেক্ষিতে আদালত। কী পদক্ষেপ নিয়েছেন? রাজ্যকে এমন প্রশ্নও করেন প্রধান বিচারপতি। প্রধান বিচারপতি বলেন, “কাল যদি কেউ বলে যে হাইকোর্ট ঘেরাও করা হবে, তাহলেও কি রাজ্য পদক্ষেপ করবে না? কেউ যদি বলে যে কোথাও কেনও বোমা রাখা আছে, তাহলে কি পুলিশ পদক্ষেপ করবে না? রাজ্য সাধারণ মানুষকে নিয়ে চিন্তিত নয়। এটা খুব উদ্ব্বেগজনক পরিস্থিতি।” রীতিমতো রাজ্যের বিভ্রম্বনা বাড়িয়ে এমনই মন্তব্য করেন প্রধান বিচারপতি। বিচারপতির সংযোজন, “রাজ্য সাধারণ মানুষকে নিয়ে চিন্তিত নয়। এটা খুব উদ্ব্বেগজনক পরিস্থিতি। যদি অনেকে মিলে কারও বাড়ি ঘেরাও করে তাহলে কি শুধু তিনিই প্রভাবিত হবেন? না, সাধারণ মানুষ প্রভাবিত হবেন। সাধারণ মানুষের হয়রানির আশঙ্কা থেকে যাচ্ছে।” এখানেই শেষ নয়, দায়িত্ববাহী সাংবিধানিক পদে থাকা বিজ্ঞদের কাছে এই ধরনের মন্তব্য অনির্দ্রোত। মন্তব্য প্রধান বিচারপতির। প্রধান বিচারপতির কথায়, “শুক্রবার (২১ জুলাই)



গোটা দিন নষ্ট হয়েছে। আদালত স্তব্ধ হয়ে গিয়েছিল। আমরা ১১-৩০ টার মধ্যে চলে যেতে বাধ্য হয়েছি। আইনজীবীরা আসতে পারেননি। আদালতের কম্বীরা ট্রেন ধরতে পারেনি।” যদিও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আইনজীবীর মন্তব্য, সাধারণ মানুষের কোন অনুপ্রাণনা হবে না। এরপরই প্রধান বিচারপতি বলেন, “সেটা কে নিশ্চিত করবে? ২১ জুলাই আপনি আদালতে আসতে পেরেছেন?” অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আইনজীবীর প্রশ্ন প্রধান বিচারপতির। অভিষেক-মমতার আইনজীবীর বক্তব্য শুনতে নারাজ প্রধান বিচারপতি। বলেন, “যা বলার হলফনামায় বলুন।” ১০ দিনের মধ্যে সব পক্ষকে হলফনামা পেশের নির্দেশ। প্রসঙ্গত, গত ২১ জুলাই অভিষেক বন্দ্যোপাধ্যায় দলের কম্বীদের বার্তা দিয়েছিলেন, “আপনাদের এলাকায় গুলি থেকে শুরু করে বুথ স্তরে যত বিজেপি নেতা আসলে তার একটা তালিকা তৈরি করুন। আগামী ৫ আগস্ট সমস্ত বুথ, অঞ্চল, ব্লক, জেলা থেকে রাজ্য বিজেপির নেতাদের বাড়ি শান্তিপূর্ণভাবে ঘেরাও করা হবে। বাকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বাড়ি ঘেরাও করা হবে।” তবে তাদের বাড়িতে বয়স্ক কেউ থাকলে তাঁদের ছেড়ে দিতে হবে বলে জানিয়েছিলেন অভিষেক। তারপরে বিতর্কে জড়িয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুধু অভিষেক বন্দ্যোপাধ্যায়ই নন, তাতে সায় দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেছিলেন, “বাড়ি থেকে ১০০ মিটার ঘেরাও করতে হবে। নির্বাচনে যেমন ১০০ মিটার দূরে ক্যাম্প হয় ঠিক সেরকমই ক্যাম্প করতে হবে। তাতে কেউ বলতে পারবে না যে অবরুদ্ধ হয়েছে।” এরপরই অভিষেকের ঘোষিত ওই কর্মসূচির বিরুদ্ধে দায়ের হয় একইআইআর। হাইকোর্টেরও দ্বারস্থ হয় বিজেপি। এবার সেই কর্মসূচিতেই ‘না’ কলকাতা হাইকোর্টের।

ইনভেসিভ ভেন্টিলেশন থেকে বার করা হল বুদ্ধদেবকে, দেখতে গেলেন মুখ্যমন্ত্রী ‘উনি আমায় দেখে হাত নাড়লেন, ভালো আছেন’

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাইঃ প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে দেখতে হাসপাতালে গেলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার বিকেলে বিধানসভা থেকে সরাসরি আলিঙ্গনের বেসরকারি হাসপাতালে যান মুখ্যমন্ত্রী। সেখানে চিকিৎসকদের সঙ্গে কথাবার্তা বলেন। বুদ্ধদেবের স্বাস্থ্য সম্পর্কে খোঁজ নিয়েছেন তিনি। হাসপাতাল থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী জানান, বুদ্ধদেব তাঁকে দেখে হাত নেড়েছেন। মমতার কথায়, “ওঁর জ্ঞান আছে। হাত নাড়লেন। আমার দেখে মনে হল, অনেকটা সুস্থ হয়েছেন। ভেন্টিলেশন থেকে বার করা হয়েছে। বাইপ্যাপ চলছে। তবে আমি তো চিকিৎসক নই। এর বেশি কিছু বলতে পারব না।” মুখ্যমন্ত্রীর পাশে দাঁড়ানো এক চিকিৎসক এর পর বুদ্ধদেবের শারীরিক পরিস্থিতি সম্পর্কে জানান। তিনি বলেন, “সকাল থেকেই ইনভেসিভ ভেন্টিলেশন থেকে ওঁকে বার করে আনার প্রক্রিয়া চলছিল। একটু আগে সেই প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে।” চিকিৎসক আরও জানান, বর্তমানে বুদ্ধদেবকে নন-ইনভেসিভ ভেন্টিলেশনে ফিরিয়ে আনা হয়েছে। সর্ব ক্ষণ তাঁকে নজরে রেখেছে মেডিক্যাল বোর্ড। ঘটায় ঘটায় বুদ্ধদেবের স্বাস্থ্য সংক্রান্ত

প্যারামিটারগুলি যাচাই করা হচ্ছে। চিকিৎসকের কথায়, “এখনও পর্যন্ত যা রিপোর্ট দেখছি, তাতে আমরা খুশি। যদিও আগামী ২৪ ঘণ্টা ওঁর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে চলেছে। আমরা আশা করছি, ‘উনি পারবেন।’” বুদ্ধদেবকে সোমবার বিকেলেই ইনভেসিভ ভেন্টিলেশন থেকে বার করে আনা হয়েছে। চিকিৎসকেরা জানিয়েছেন, তাঁকে বাইপ্যাপ সাপোর্টে রাখা হয়েছে। স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট অনুযায়ী, তাঁর শারীরিক পরিস্থিতি আগের চেয়ে স্থিতিশীল। সোমবার সকালে সিটি স্ক্যান করা হয়েছিল। তার পরেই প্রাক্তন মুখ্যমন্ত্রীকে ভেন্টিলেশন থেকে বার করে আনার সিদ্ধান্ত নেওয়া হয়। চিকিৎসকেরা জানিয়েছেন, তিনি চিকিৎসায় সাড়া দিচ্ছেন। সোমবার বিধানসভার প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা। বিকেলেই ইনভেসিভ ভেন্টিলেশন থেকে হাসপাতালের পথ ধরে তাঁর গাড়ি। এর আগে শনিবার যখন অত্যন্ত সঙ্কটজনক অবস্থায় বুদ্ধদেবকে ওই হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল, তখনও মনে করা হয়েছিল প্রাক্তন মুখ্যমন্ত্রীকে দেখতে আসতে পারেন বর্তমান মুখ্যমন্ত্রী। কিন্তু সে দিন মমতা হাসপাতালে যাননি।

অধ্যাপক নিয়োগে ভিনরাজ্যের বিশেষজ্ঞের ভাবনা রাজ্যপালের, পাল্টা হুঁশিয়ারি ব্রাত্যর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাইঃ ফের সংঘাতে রাজ্য বনাম রাজ্যপাল। এদিন নিয়োগ সংক্রান্ত বিষয়ে কড়া বার্তা দিয়ে রাজ্যপাল বলেন, “অধ্যাপক নিয়োগ এর জন্য বিশেষজ্ঞ রাজ্যের বাইরে থেকে আনা হবে।” পাল্টা শিক্ষামন্ত্রীর অভিযোগ, উচ্চশিক্ষায় হস্তক্ষেপ করা হচ্ছে। আমরা শীর্ষ আদালতের দ্বারস্থ হচ্ছি। রাজ্যপাল বলেন, “আজ আমাদের একটা ভাল বৈঠক হয়েছে। দুজন উপাচার্য, বাইরে থেকে এসেছেন গুজরাত ও উত্তরপ্রদেশ থেকে। শিক্ষাতে যে পেজিঙ ইস্যুগুলো ছিল, তা নিয়ে আলচনা হয়েছে। শূন্যপদগুলো পূরণ করব, যে অধ্যাপক নিয়োগ করার প্রয়োজন আছে। নিয়োগ হবে স্বচ্ছতার সঙ্গে। পুরনো ঘটনার পুনরাবৃত্তি চাই না আমি। আমি নিজে প্রাক্তন শিক্ষামন্ত্রী এর ফাইলে সুই করেছি। খুব বেদনা নিয়ে। তাই আমি বলে দিয়েছি নিয়োগ নিয়ে আমরা জিরো টলারেন্স নীতি নেওয়া হবে।” তিনি আরও বলেন, “অধ্যাপক নিয়োগ এর জন্য বিশেষজ্ঞ

রাজ্যের বাইরে থেকে আনা হবে। উপাচার্যরাই আমাকে বলেছেন, আমি সেটায় সিলমোহর দিয়েছি। রাজস্বনে পিস রুম চালু আছে। বিশ্ববিদ্যালয়-এর স্বশাসনে কোনও রকম হস্তক্ষেপ বরদাস্ত করব না। হাইকোর্ট, সুপ্রিম কোর্টের অর্ডার আছে, তাই নিয়ে পদক্ষেপ করা হচ্ছে। ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে ছেলেখেলা করা যাবে না। আমাদের এই রাজ্যের পড়ুয়ারা সারা বিশ্বে উজ্জ্বল করছে।” রাজ্যপালের বক্তব্য, “এখানে খুব কম ফ্যাকাল্টিদের ইমপ্রভমেন্ট এর জায়গা দেখা যায়। এখানে অনেক এন্থ্রোপের আছে। অনেকই আদানপ্রদান প্রোগ্রাম করতে চায়। সিভিকিট, কোর্ট, কাউন্সিল-এর সব সদস্য দের নিয়ে নিয়োগ করা হবে দ্রুত। রাজস্বনে একটা নতুন প্রোগ্রাম করছে। যে কেউ যোগাযোগ করতে পারবেন।” পাল্টা ব্রাত্য বসু বলেন, “উচ্চশিক্ষায় নজরিবাহী হস্তক্ষেপ হচ্ছে। রাজ্যপাল এই স্বৈরাচার চালাতে পারেন কিনা তা জানতে আমরা শীর্ষ আদালতের দ্বারস্থ হচ্ছি।”

সব বাসের ভাড়া কি বাড়তে চলেছে? নবানে জমা পড়ছে বিধানসভার সুপারিশ রিপোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাইঃ দীর্ঘদিন ধরে দাবি উঠছে বাসের ভাড়া বৃদ্ধি করতে হবে। বেসরকারি বাস মালিকদের দাবি তেমনই। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার চায় না রাজ্যের মানুষের ঘাড়ে খরচের বোঝা চাপুক। তাই ভাড়া বাড়ানোর পথে হাঁটতে চায়নি রাজ্য পরিবহণ দপ্তর। এই পরিস্থিতিতে বেসরকারি বাস মালিকরা হুমকি দিয়ে রেখেছে এভাবে চললে রাস্তায় বাস নামানো সম্ভব হবে না। এবার বাসের ভাড়া বৃদ্ধির জন্য রাজ্য সরকারকে সুপারিশ করল বিধানসভার এসিস্টেন্ট কমিটি। পরিবহণ দপ্তরের সমস্ত বিষয় খতিয়ে দেখে এই কমিটি একটি রিপোর্ট পেশ করে বিধানসভায়। সেখানে উল্লেখ করা হয়েছে, ডিজেলের মূল্যবৃদ্ধির কারণে সরকারি-বেসরকারি সব বাসেরই ভাড়া বৃদ্ধি করা জরুরি হয়ে পড়েছে। এই রিপোর্ট নবানে পাঠানো হচ্ছে বলেও জানানো খবর। এই বাসের ভাড়া বৃদ্ধি নিয়ে সম্মতি দেয়নি রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। সরকারি-বেসরকারি



পড়েছিল গোটা বিশ্বে। যার প্রভাব বাংলায় যথেষ্ট পড়েছিল। তারপর বেড়েছে পেট্রল-ডিজেলের দাম। তাই বাস মালিকরা দাবি করে আসছিল ভাড়া বাড়ানোর। তাতে শেষবার যাত্রী অসন্তোষ তৈরি হয়েছে দু’বছর ধরে। অস্বাভাবিক ভাড়া নেওয়ার প্রতিবাদ করেও

‘রাজস্বন পারলে এ রাজ্য নয় কেন?’, বেসরকারি স্কুলের ফি নিয়ে বার্তা বিচারপতির

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাইঃ শিক্ষা যাতে বিক্রয়যোগ্য পণ্যে পরিণত না হয়, সে ব্যাপারে আগেও কড়া নির্দেশ দিয়েছিলেন হাইকোর্টের বিচারপতি বিশুজিৎ বসু। বেসরকারি স্কুলে লাগামছাড়া ফি বৃদ্ধি নিয়ে আগেও তিনি উদ্ব্বেগ প্রকাশ করেছেন একাধিকবার। এবার রাজ্য সরকারকে কড়া বার্তা দিলেন বিচারপতি। বেসরকারি স্কুল কত ফি বাড়াবে, কখন বাড়াবে, সে সব দিকে কেন নজর নেই রাজ্য সরকারের? সেই প্রশ্নই হাইকোর্টে তুলেছেন বিচারপতি। গাইডলাইন তৈরি করার কথাও বলেছেন তিনি। করোনাকাল থেকেই বেসরকারি স্কুলের ফি নিয়ে প্রশ্ন ওঠে। স্কুল বন্ধ থাকা সত্ত্বেও টিউশন ফি-র বাইরে কেন টাকা নেওয়া হচ্ছে, সেই প্রশ্ন তুলে মমতা হয়। সোমবার বেসরকারি স্কুল গুলির ফি নিয়ে বিচারপতির একাধিক প্রশ্নের মুখে পড়তে হয় রাজ্যকে। তিনি প্রশ্ন করেন, ফি বৃদ্ধির বিষয়ে রাজ্যের কোনও নজরদারি আছে? অন্য রাজ্যের সঙ্গে তুলনা টেনে বিচারপতি বসু বলেন, “অন্যান্য রাজ্যে দেখেছি ফি সংক্রান্ত

নীতি নিয়ে রাজ্যের নিষ্পন্ন আইন আছে। এ রাজ্যে কি এই ধরনের কোনও গভর্নিং বডি আছে, যারা ফি কতটা বাড়ানো হবে সেটা দেখে? ফি স্ট্রাকচার কেনম হবে, তা নিয়ে কোনও গাইডলাইন নেই কেন?” সরকার কি আদৌ তেমন কোনও প্রস্তাব দিয়েছে? এই প্রশ্নও তুলেছে কোর্ট। বিচারপতির পরামর্শ, এরকম একটা গাইডলাইন থাকা দরকার। বেসরকারি স্কুলের পছন্দ হোক বা না হোক এই গাইডলাইন থাকা জরুরি বলে মনে করেন তিনি। বিচারপতির প্রশ্ন, “রাজস্বন করতে পারলে এরা রাজ্য নয় কেন?” “বেসরকারি স্কুল প্রকিট মেকিং বিলিগেড হতে পারে না” বলেও মন্তব্য করেছেন তিনি। আইজিবী বিশ্বকৃষ্ণ ভট্টাচার্য জানান, এমন কোনও গাইডলাইন নেই। বিচারপতি আরও বলেন, কোর্টগুলিকে ইলপেকশন করতে বলছেন তিনি। সরকারি স্কুলে যেমন অযোগ্যতা বাদ পড়েছেন, এই কোর্টগুলির ক্ষেত্রেও সেভাবেই অযোগ্য শিক্ষকদের বাদ পড়া উচিত বলে মন্তব্য করেছেন বিচারপতি বিশুজিৎ বসু।

বাংলার ঘটনা দিয়ে মণিপুরের বর্বরতার সাফাই দেওয়া যায় না সুষমার মেয়েকে বলল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ৩১ জুলাইঃ অন্যান্য রাজ্যে কী হয়েছে, তা হাতিয়ার করে মণিপুরের বর্বরতা নিয়ে সাফাই গাওয়া যায় না। এমনই মন্তব্য করল সুপ্রিম কোর্ট। সোমবার শীর্ষ আদালতে মণিপুরের বর্বরতা সংক্রান্ত মামলার শুনানির সময় পশ্চিমবঙ্গ, রাজস্থান, ছত্তিশগড়ের মতো বিরোধী-শাসিত রাজ্যে মহিলাদের বিরুদ্ধে যে অত্যাচারের অভিযোগ উঠেছে, তা তুলে ধরেন আইনজীবী বাণ্ডির স্বরাজ। তখন ভারতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন ডিভিশন বৈধ মন্তব্য করে, “এখানে এই হয়েছে, ওখানে ওই ঘটনা ঘটেছে বলে আমরা মণিপুরের ঘটনা নিয়ে সাংক্ৰিট গাইতে পারি না।” তারপরও পশ্চিমবঙ্গে নারী নির্যাতনের অভিযোগ নিয়ে সওয়াল করায় প্রধান বিচারপতি মন্তব্য করেন, “আপনি কি সব মহিলাদের রক্ষা করতে বলছেন নাকি কাউকে রক্ষা করতে বারণ করছেন?” সোমবার সুপ্রিম কোর্টে মণিপুরের ভাইরাল ভিডিও (দুই কৃষিক মহিলাকে নগ্ন করে ঘোরানোর অভিযোগ ওঠে মেইতেই সম্প্রদায়ের উন্মত্ত জনতার বিরুদ্ধে) সংক্রান্ত মামলার শুনানির সময় বাণ্ডির বলেন, “এই মামলার পাশাপাশি বাংলা-সহ একাধিক রাজ্যে ধর্ষণের মতো ভয়াবহ ঘটনা ঘটেছে। পুরো ভারতের মেয়েদের রক্ষা করতে হবে।” সেই সওয়ালের প্রেক্ষিতে প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ডিভিশন বৈধ (যে বৈধে আছে) বিচারপতি জেবি



পাঞ্জিওয়াল এবং বিচারপতি মনোজ মিশ্রও) মন্তব্য করেন, “এটা নিয়ে পরে আলোচনা করা যেতে পারে। আমরা এখন মণিপুরের ঘটনা শুনছি।” যদিও থামেননি প্রাক্তন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের মেয়ে বাণ্ডির। যিনি বিজেপিতে যোগও দিয়েছেন। তিনি সওয়াল করেন, “বাংলায় এক মহিলাকে নগ্ন করে ঘুরিয়েছেন এক প্রার্থী এবং ৪০ জন উন্মত্ত জনতা। এরকম ঘটনা ছত্তিশগড়ও হয়েছে।” তারপর বিচারপতি বিচারপতি বলেন, “নিশ্চিতভাবে দেশের বিভিন্ন প্রান্তে মহিলাদের বিরুদ্ধে অপরাধ হচ্ছে। এটা আমাদের সামাজিক বাস্তব। জাতিগত হিংসার ক্ষেত্রে মহিলাদের উপর ভয়ংকর মাত্রায় অত্যাচারের বিষয় নিয়ে আমরা আলোচনা করছি।” তিনি আরও বলেন, “আপনি বলুন যে মণিপুরের ঘটনা নিয়ে আপনার কি পরামর্শ আছে? এখানে এই হয়েছে, ওখানে ওই ঘটনা ঘটেছে বলে আমরা মণিপুরের ঘটনা নিয়ে সাফাই গাইতে পারি না।” সুপ্রিম কোর্টের সেই পর্যবেক্ষণের পরেও বাংলার ঘটনা নিয়ে সওয়াল করতে থাকেন বাণ্ডির। তিনি বলেন, “পুরো ভারতের মেয়েদের রক্ষা করতে হবে। বাংলায় ১,০০০টি এফআইআর দায়ের করা হয়েছে। কিন্তু মাত্র তিন শতাংশ ক্ষেত্রে কোনও পদক্ষেপ করা হয়েছে। রাজস্থানেও একইরকম ঘটনা ঘটেছে।” যদিও তারপর কিছুটা রিট্রাক্ট সূত্রে প্রধান বিচারপতি বলেন, “আপনি কি সব মহিলাদের রক্ষা করতে বলছেন নাকি কাউকে রক্ষা করতে বারণ করছেন?”

যান দুর্ঘটনায় মৃত্যু এক স্কুল ছাত্রের

৩১ জুলাই : স্কুলে যাওয়ার পথে যান সন্ধান্সের বলি হয়েছে এক ছাত্র। ওই দুর্ঘটনায় আহত হয়েছে আরও তিনজন ছাত্র। কুমারবাট মাছমারা এলাকায় বাইক ও গাড়ির মুখোমুখি সংঘর্ষে ওই মর্মান্তিক ঘটনা ঘটেছে। দমকল বাহিনী ওই দুর্ঘটনায় আহতদের উদ্ধার করে ধর্মনগর জেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিসক একজনকে মৃত বলে ঘোষনা করেন। জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, এমজেড ০৫৪৮৫৮ নম্বরের একটি বাইকে চেপে চারজন ছাত্র স্কুলে যাচ্ছিল। মাছমারা এলাকায় আসা মাত্র বিপরীত দিক থেকে আসা টিআর০২কে ১৬০১ নম্বরের গারি সাথে মুখোমুখি সংঘর্ষ হয়েছে। গাড়ির ধাক্কায় বাইক থেকে চারজন ছাত্র রাস্তায় ছিটকে পড়েছে। স্থানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে দমকল বাহিনী ও পুলিশকে খবর পাটিয়েছেন।দমকল বাহিনী ছুটে গিয়ে আহতদের উদ্ধার করে ধর্মনগর জেলা হাসপাতালে নিয়ে গেছে। কিন্তু হাসপাতালে কর্তব্যরত চিকিসক এক ছাত্রকে মৃত বলে ঘোষনা করেন। তিনি আরও জানিয়েছেন, মৃত স্কুল ছাত্র কুমারবাটের বাসিন্দা রাজ্জ মালাকার। আহতরা হল, আশিশ মালাকার, পন্ডিত মালাকার ও রুবেল মালাকার।

নওশাদ সিদ্দিকির ভাঙড়ে প্রবেশে নেই কোনও বাধা



দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাই : নওশাদ সিদ্দিকির ভাঙড়ে প্রবেশে বাধা নেই। ভাঙড়ে ১৪৪ ধারা প্রত্যাহার করা হয়েছে বলেই আদালতে জানাল রাজ্য। ফলে অন্যান্যদের মতোই এবার ভাঙড়ে যেতে পারবেন এলাকার বিধায়ক। অর্থা যৌক্তিকতা হারাল বিধায়কের মামলার। ভোটকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে উঠেছিল ভাঙড়া ভোট মিটলেও বোমাবাজি-গুলি বন্ধ হয়নি। প্রাণও গিয়েছে। পরবর্তীতে ভাঙড়ের নির্দিষ্ট এলাকায় জারি করা হয়েছে ১৪৪ ধারা। ভাঙড়ের প্রবেশ দ্বারে নাকা পয়েঃ ট করা হয়েছে। স্পর্শকাতর এলাকায় প্রবেশের অনুমতি মিলছে না সকলের। ১২ ও ১৭ জুলাই ভাঙড়ে প্রবেশের আগে বিধাননগরের হাতিশালায় পুলিশি বাধার মুখে পড়েন স্থানীয় বিধায়ক নওশাদ সিদ্দিকি। দীর্ঘক্ষণ নাকা পয়েন্টে দাঁড়িয়ে থাকেন নওশাদ। কথা বলার চেষ্টা করেন পুলিশের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে। প্রয়োজনে ইন্টে এলাকার যাওয়ার অনুমতি চান তিনি। তবে তাতে কোনও লাভ হয়নি। দীর্ঘক্ষণ পর ফিরে আসতে হয় তাঁকে। পরবর্তীতে আদালতের দ্বারস্থ হন তিনি। সেই মামলায় সোমবার রাজ্যের তরফে আদালতে জানানো হয়েছে যে, ভাঙড়ে ১৪৪ ধারা প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ বিধায়কের মামলার আর যৌক্তিকতা নেই বলেই দাবি রাজ্যের। আদালতও মনে করছে, বিধায়ক নওশাদ সিদ্দিকির এলাকায় ঢুকেতে কোনও সমস্যা নেই।

স্কুলের প্রাক্তনীদের পরিচালনায় ‘স্বপ্ন নিয়ে’র পথচলা শুরু



দুরন্ত বার্তা, হাওড়া, ৩১ জুলাই : প্রাক্তনীদের পরিচালনায় ‘স্বপ্ন নিয়ে’র পথচলা শুরু হলো। হাওড়ার তারাসুন্দরী বালিকা বিদ্যাবনের প্রাক্তনীরা মিলে তুলেছেন ‘স্বপ্ন নিয়ে’র পরিবার। রবিবার বিকেলে হাওড়ার যোগেশচন্দ্র বালিকা বিদ্যালয়ের অভিতেরিয়ামে সংস্থার প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হলো। ১৯৬৫ এর ব্যাচের প্রাক্তনীরা থেকে শুরু করে ২০২৬ এর প্রাক্তনীরা সকলেই এই সাধারণ সভায় উপস্থিত ছিলেন। এদের মূল লক্ষ্য, বিদ্যাবনের অনুমতি সাপেক্ষে বিদ্যাবনের যেকোনও প্রয়োজনে বর্তমান ছাত্রীদের পাশে থাকা এবং প্রাক্তনীদের যেকোনও সমস্যায় পাশে থাকা। এই ‘স্বপ্ন নিয়ে’ই তাদের পথ চলা শুরু হলো। তারাসুন্দরী বালিকা বিদ্যাবন এর প্রাক্তন প্রধান শিক্ষিকা সৃষ্টিতা রায় বলেন, তারাসুন্দরী বালিকা বিদ্যাবনের প্রাক্তনীদের জন্য রবিবার, ৩০ জুলাই একটি বিশেষ দিন হয়ে উঠেছিল। হাওড়ার যোগেশচন্দ্র বালিকা বিদ্যালয়ের অভিতেরিয়ামে তারাসুন্দরী বালিকা বিদ্যাবনের প্রাক্তনীদের পরিচালিত সম্পূর্ণ স্বশাসিত সংস্থা ‘স্বপ্ন নিয়ে’র তরফ থেকে আমরা এদিন এক সাধারণ সভার আয়োজন করেছিলাম। এই সংস্থার প্রত্যেক সভা নিজেদের মধ্যে সহযোগিতা ও সহমর্মিতার সম্পর্ক বজায় রাখতে দায়বদ্ধ। তাই সকলেই এই উদ্যোগে আমাদের পাশে দাঁড়িয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিলেন।

মাজুলিতে নাবালিকা-ধর্ষণের দায়ে সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড দুজনের

মাজুলি, ৩১ জুলাই : মাজুলিতে ১৩ বছর বয়সি এক নাবালিকাকে ধর্ষণের দায়ে দুই অভিযুক্তকে সশ্রম যাবজ্জীবন কারাদণ্ডের রায় দিয়েছেন জেলা ও দায়রা বিচারপতি। পাশাপাশি আদালত সাজাপ্তও মানস ভরালি এবং রাতুল ভরালি নামের দুজনকে ২০ হাজার টাকা করে জরিমানাও করেছে। আজ সোমবার জেলা ও দায়রা বিচারপতি মানস ভরালি এবং রাতুল ভরালি নামের দুজনকে সশ্রম যাবজ্জীবন কারাদণ্ডের রায় দেওয়ার পর আদালত চত্বরে ভুক্তভোগী মেয়েটি সাংবাদিকদের প্রশ্নেরে পরিবার। গত জানুয়ারি মাসে মাজুলীর জোড়বিল সোনাপুরে সংগঠিত মর্মান্তিক ঘটনায় জেলাজুড়ে চাঞ্চল্য ও প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল। এটিকে আদালত চত্বরে ভুক্তভোগী মেয়েটি সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে সেদিনের ভয়ানক ঘটনার বর্ণনা দিয়েছে। সে বলেছে, ঘটনার দিন সকাল ৬-টায় আমি আমাদের ছাগল আনতে যাচ্ছিলাম। তখন এরা (অভিযুক্ত) আমাকে ধরে নির্জন স্থানে নিয়ে গিয়ে ধর্ষণ করে। এরা আমার জীবন ও আত্মসন্মান ধ্বংস করেছে। তাদের শাস্তি হওয়ায় আমি খুশি।’

আগামী সোমবার থেকেই পোড়া হাট চালু করে দেব ধাপে ধাপে, বললেন পুরমন্ত্রী

দুরন্ত বার্তা, হাওড়া, ৩১ জুলাই : হাওড়ার মঙ্গলাহাটে এসে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পোড়া হাটের ব্যবসায়ীদের সঙ্গে সোমবার বিকলে দেখা করলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। সেখানে তিনি ঘোষণা করেন, আগামী সোমবার থেকেই পোড়া হাট চালু করে দেওয়া হবে ধাপে ধাপে। এদিন পুরমন্ত্রীকে সামনে পেয়ে ব্যবসায়ীরা আবেদন করেন সামনের সপ্তাহেই তারা যাতে হাটে বসতে পারেন তার ব্যবস্থা করতো। মন্ত্রী তক্ষনা জানিয়ে দেন আগামী সোমবার থেকেই হাট চালু করে দেওয়া হবে ‘পার্ট বাই পার্টে’। এদিন বিকলে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সমর্থনে এক পথ সভাও হয়। ফিরহাদ হাকিম ছাাও উপস্থিত ছিলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরুণ রায়, রাজ্যের ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি, পুর প্রশাসকমন্ডলীর চেয়ারপার্সন ডাঃ সুজয় চক্রবর্তী সহ অন্যান্যরা।



প্রসঙ্গত, গত ২০ জুলাই মধ্যরাতে মঙ্গলাহাটের পোড়া হাটে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় কয়েকশ দোকান এবং স্টল ভস্মীভূত হয়ে যায়। পূজোর আগে প্রচুর টাকার ক্ষয়ক্ষতি হয় হাটের ব্যবসায়ীদের। ফিরহাদ হাকিম এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, এখন থেকে এই জায়গাটা পরিষ্কার হয়ে যাবে। মঙ্গলবার সকাল থেকে পরিষ্কার করে যার যেখানে যা স্টল ছিল সেই

ওনারা চাইছেন না। তবুও আমরা বলেছি উর্কষ বাংলায় গরীব স্টল হোল্ডারদের পাশে থাকব। এখানকার ব্যবসায়ীরা বলছেন পরিষ্কার করে নিয়ে তারা বসবেন। শুধু শেডটা বানিয়ে দিন। সেটা



আমরা করে দিছি। এরা অন্য কোথাও যাবেন না। এখানেই ব্যবসা করবেন। আমরা আশা করছি পরিষ্কার হয়ে গেলে আগামী সোমবার থেকেই হাট চালু করে দেব ধাপে ধাপে। আর বিপজ্জনক বিল্ডিং ভেঙে দেবা। কর্পোরেশন নিজেদের জায়গা নিজেরা পরিষ্কার করবে। আমরা শুধু মাল এখান থেকে তুলে নেব। ফিরহাদ হাকিম এদিনের পথ সভায় বলেন, ভারতে ছোট

ব্যবসায়ীকে মেরে দেওয়ার চেষ্টা হচ্ছে। শুধু কি ব্যবসা করবে আদানি আদানিরা? ছোট ব্যবসায়ীদের বঁচে থাকার কোনও অধিকার নেই। কিন্তু বাংলায় ছোট ব্যবসায়ীরা বেঁচে আছেন। বাংলায় হাট সংস্কৃতি আছে।



এটা বেশি হচ্ছে বলে হাওড়া জুড়ে হাট হচ্ছে। আমরা কয়েকদিন দেখা। যদি কাগজপত্রের কোনও অসুবিধা থাকে হাওয়া পুরনিগম দেখবে। যদি সমস্যা থাকে তাহলে যাতে দ্রুত হাট খোলা যায় সেই ব্যাপারে উদ্যোগী হবে। হাটে বিভিন্ন কমিটির নাম নিয়ে টাকা তোলা হচ্ছে। এই ব্যাপারে ব্যবসায়ীদের কাছে অনুরোধ করব টাকা না দেওয়ার জন্য। রাজ্য সরকার সঙ্গে আছে।

শ্যামপুরে অঙ্গন ওয়াড়ী কেন্দ্রে রান্না করা খাবারে টিকটিকি মড়া

দুরন্ত বার্তা, হাওড়া, ৩১ জুলাই : শ্যামপুরের সৈয়দপুর অঙ্গন ওয়াড়ী কেন্দ্রে সোমবার সকালে রান্না করা খাবার খিটুড়ি নিয়ে বাড়ি চলে যায় এবং বাড়িতে গিয়ে শিশুরা ও তাদের দিদিরা ও খায় এবং খাওয়ার পরে শিশুদের মধ্যে অসুস্থতা দেখা দেয়। তক্ষণাৎ শিশুদের নবগ্রাম প্রাথমিক চিকিসাকেন্দ্রে ও পরে উল্বেড়িয়া শরচন্দ্র মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়, এখনও পর্যন্ত ১৩জন চিকিৎসাধীন। হাসপাতালে দুজনের ঝর দেখা দেয় এবং বাকী ১১ জন সুস্থ বলে জানা যায়। খবর পেয়ে স্বাস্থ্য দফতরের টিম এলাকায় গিয়ে শিশুদের পরীক্ষা করে এবং সকলেই সুস্থ বলে জানা যায়। অভিভাবকদের অভিযোগ কর্তৃপক্ষের গাফিলতিতেই এই ধরনের ঘটনা ঘটেছে। তাই তারা তাদের দেওয়া খাবার পরবর্তীকালে বাচ্চাদের দেবেন কি না ভাবছেন।



সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির(উপরে) উদ্যোগে বিধায়ক মনোজ তিওয়ারির উপস্থিতিতে এবং নিউ মোল্লো পাড়া বালটিকুড়ি মিলাটে ওয়ার্সি কমিটির উদ্যোগে (নীচে) পালিত হলো মহরম।

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সমস্ত জেলাতেই বৃষ্টির পূর্বাভাস

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাই : কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সমস্ত জেলাতেই বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আগামী কিছু দিন দক্ষিণবঙ্গে বেশি বৃষ্টি হবে, উপকূলের জেলাগুলিতে কয়েক পশলা মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বাতাসে জলীয়রাষ্প বেশি থাকায়, আর্দ্রতাজনিত অস্বস্তিও রয়েছে। সোমবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, দক্ষিণবঙ্গের প্রায় সমস্ত জেলাতেই বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ব্যাডগ্রাম, বাকুড়া, পুর্কুলিয়ায় ভারী বৃষ্টির সম্ভাবনা বেশি রয়েছে। ওড়িশা ও উপকূল সংলগ্ন বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণবঙ্গে একদিকে আর্দ্রতাজনিত অস্বস্তি অন্যদিকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস, অর্থা কখনও গরম আবার কখনও মনোরম থাকবে আবহাওয়া। আপাতত তাপমাত্রার উল্লেখযোগ্য কোনও পরিবর্তন হবে না।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আগুন আতঙ্ক, কালো ধোঁয়ায় ঢাকল সর্বত্র

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জুলাই : যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আগুন আতঙ্ক। পরীক্ষা চলাকালীন এডুকেশন ডিপার্টমেন্টে আচমকই কালো ধোঁয়ায় ঢেকে যায়। ঘটনাস্থলে পৌঁছেছে একটি ইঞ্জিন। সোমবার এডুকেশন ডিপার্টমেন্টে মাস্টার্সের পরীক্ষা চলছিল। সেই সময় আচমকই কালো ধোঁয়ায় ঢেকে যায় দ্বিতীয় তল। আতঙ্কিত হয়ে পড়েন বিশ্ববিদ্যালয়ে উপস্থিত প্রায় সকলেই। বিশ্ববিদ্যালয় থেকে তড়িঘড়ি বেরিয়ে আসার চেষ্টা করেন প্রত্যেকে। খবর দেওয়া হয় দমকলে। বিশ্ববিদ্যালয়ে পড়িয়ে দমকলের একটি ইঞ্জিন। দমকল কর্মীদের অনুমান, এসি চালানো মাত্রই শর্ট সার্কিট হয়। তার জেরে কালো ধোঁয়ায় ঢেকে যায় চতুর্দিক। তবে এই ঘটনায় হতাহতের কোনও খবর নেই।

খোরপোশ মামলায় ধৃত স্বামী বকুলতলায়

দুরন্ত বার্তা,বকুলতলা, ৩১ জুলাই : স্ত্রীর স্বামীর বিরুদ্ধে খোরপোশ মামলার ভিত্তিতে বকুলতলার বেলে দুর্গানগর থেকে ধৃত এক ব্যক্তিকে সোমবার বকুলতলা থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।গত ৭ ই জানুয়ারি বেলেদুর্গানগরের এক গৃহবধু স্বামীর বিরুদ্ধে খোরপোশ মামলা করে। আর সেই মামলার ভিত্তিতে রবিবার বকুলতলা থানার পুলিশ বকুলতলা থানার বেলে দুর্গানগরের বাড়ি থেকে জীবন কৃষ্ণ মন্ডল নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে বকুলতলা থানায় নিয়ে আসে। ধৃতকে সোমবার বকুলতলা থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

১৪০ কেজি গাঁজা উদ্ধার, ধৃত তিন যুবক

আগরতলা, ৩১ জুলাই : ত্রিপুরায় নেশার প্রকোপ দিন দিন বেড়েই চলেছে। নেশাকারবারিরা নিতানতুন পন্থা অবলম্বন করে নেশা সামগ্রী পাচার ও মজুত করে রাখছে। সোমবার ভোরে সিংহাই থানার পুলিশ মোহনপুর বিজয়নগর গ্রামের এক বাািতে তল্লাশি চালিয়ে মোট ১৪০ কেজি শুকনো গাঁজা সহ নগদ ১ লক্ষাধিক টাকা বাজেয়াপ্ত করেছে। সাথে তিন নেশাকারবারিকারীকে আটক করা হয়েছে।কিন্তু বারি মালিককে আটক করা সম্ভব হয়নি বলে জানিয়েছেন পুলিশ আধিকারিক সিদ্ধার্থ শংকর করা। তিনি জানিয়েছেন, প্রতি দিনের মতো গতকাল গভীর রাতেও এলাকায় সিংহাই থানার পুলিশ টহলদারীতে নেমেছিল। তখন সন্দেহজনক তিন যুবক দুটি বাইকে করে যাচ্ছিল। পুলিশ তাদের নির্দেশ দিলে তাঁরা পালিয়ে যায়। সঙ্গে সঙ্গে পুলিশ তাদের পেছনে ধাওয়া করেছে। তাঁরা পালিয়ে গিয়ে মোহনপুর বিজয়নগর গ্রামের বাসিন্দা প্রশান্ত সরকারের বাড়িতে প্রবেশ করেন। সোমবার মন্ত্রী বলেন, জৈলাসহর মহকুমায় বিদ্যু পরিষেবা নিয়ে বেশ কয়েকদিন ধরেই বেশ কিছু অভিযোগ উঠছিল। বিদ্যু পরিষেবার ক্ষেত্রে কোথায় সমস্যা হচ্ছে এ বিষয়টি খতিয়ে দেখতেই আজ এই বৈঠকের আয়োজন করা হয়েছে।

হাটের পুনর্গঠনে রাজ্য সরকারকে সবরকম সহযোগিতা করতে প্রস্তুত হাট ব্যবসায়ীরা

দুরন্ত বার্তা, হাওড়া, ৩১ জুলাই : মঙ্গলাহাট থাকুক মঙ্গলাহাটের জায়গাতেই। বরং হাটের পুনর্গঠনে রাজ্য সরকারকে সহযোগিতা করতে



প্রস্তুত তাঁরা। জানিয়ে দিলেন ব্যবসায়ীরা। এর পাশাপাশি মঙ্গলাহাট নিয়ে বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে সোমবার হাট ব্যবসায়ীরা বলেন, তাঁদের কথা বিধানসভার তোলার জন্য মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ। তবে তাঁরা এই জায়গা ছেড়ে অন্যত্র গিয়ে ব্যবসা করতে রাজি নন। এখানে ব্যবসা করার যে সুযোগ সুবিধা এতদিন ধরে রয়েছে বা তৈরি হয়েছে তা অন্য কোনও জায়গায় গেলে কিছুতেই হবেনা। সেক্ষেত্রে

সরকারকে। তাই তারা চাইছে মঙ্গলাহাট থাকুক মঙ্গলাহাটের জায়গাতেই। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে পোড়া হাট ব্যবসায়ী সংগ্রাম সমিতির যুগ্ম সম্পাদক সাগর জয়সোয়াল বলেন, মঙ্গলাহাট চলছে ব্রিটিশ আমল থেকে। মুখ্যমন্ত্রী আমাদের জন্য চিন্তা করেছেন। যদি এই জায়গা সরকার অধিগ্রহণ করে ওখানে বিল্ডিং বানায় তাকে আমরা সাধুবাদ জানাছি। আমরা সমিতির সঙ্গে আলোচনায় বসব। পরিকাঠামো দেখা হবে। দেখা হবে কত সময়

বৈদ্যবাটি পুরসভায় ১৪ নম্বর ওয়ার্ডের খাল সংলগ্ন এলাকার প্রত্যেকটি বাড়িতে ধরছে ফাটল

বনস্পতি দে, হুগলি, ৩১ জুলাই : বৈদ্যবাটি পুরসভায় ১৪ নম্বর ওয়ার্ডের বৈদ্যবাটি খাল সংলগ্ন এলাকার প্রত্যেকটি বাড়িতে ধরছে ফাটল। প্রতি ঘন্টা বাড়ছে ফাটলের দৈর্ঘ্য। কিছু কিছু মানুষের বাড়ি ইতিমধ্যেই খালের জলের মেঝেতে ফাটল, বাড়ির দেওয়ালে ফাটল, কারোর কারোর আবার বাড়ির ভিত সরে গেছে ধসের কারণে। আতঙ্কে ঘুম উড়েছে স্থানীয় বাসিন্দাদের। স্থানীয় সূত্রে খবর , কিছু মাস আগেই হয়েছে বৈদ্যবাটি খালের সংস্কার। তার জেরেই বিপদের মুখে স্থানীয় মানুষরা। খালের সংস্কারের জন্য খালের তলা থেকে মাটি কেটে তোলা হয়েছিল। যার ফলে খালের গভীরতা বৃদ্ধি পেয়েছে এবং তার থেকেই সৃষ্টি হচ্ছে ধসের। বৈদ্যবাটি পুরসভার ১৪ নম্বর ওয়ার্ডের খড়পাড়া এলাকার



বাসিন্দারা জানিয়েছেন গত কয়েকদিন ধরে খাল পারে বাড়িগুলিতে ফাটল দেখা যায়। বারি দেওয়াল মেঝেতে ফাটল ধরেছিল। যার ফলে খালের গভীরতা বৃদ্ধি পেয়েছে এবং তার থেকেই সৃষ্টি হচ্ছে ধসের। বৈদ্যবাটি পুরসভার ১৪ নম্বর ওয়ার্ডের খড়পাড়া এলাকার

ছুরি দিয়ে আঘাত করেছে কলগাছিয়ার বাসিঃলা হাকিম আলি। পুলিশের তদন্তকারী অফিসার জশান, সাদ্দাম আলি গলায় দূধ, পিটু দই, পেটে দূই সহ মোট ছয়বার ছুরিকাঘাত করেছে হাকিম। তিনি বলেন, তাঁরা যখন মৃতদেহটি উদ্ধার করেন, তখনও দেহের পিঠে ছুরির অগ্রভাগ বিদ্ধ হয়েছিল। মৃত সাদ্দামের পালকদার মোটের বাইক আটগাঁও সেতুর নীচে ছেড়ে উদ্ধার হয়েছে। পুলিশ অফিসার জানান, টাকার জন্যই এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। হত্যাকাণ্ড সংঘটিত করে মৃতদেহ গড়চুক এবং ফাটলিলের

নাথ,মেখ বাবুল, আখতারি বিবিদের অভিযোগ চলতি বছরের শুরুর দিকে সেচ দফতর থেকে খাল সংস্কার করা হয়। তখনই গভীর হাটের পার্শ্বের মাটি কাটা হয়েছে,তার পরেই এই অবস্থা খাল পারের বাড়ি গুলোয়। খাল পােরে ভাঙন বাড়ছে। ফলে রাতে নিশ্চিন্তে ঘুমাতে পারছেন না বলে জানিয়েছেন তারা। বাড়ি ছেড়ে অন্যত্র থাকছে কয়েকটি পরিবার। বাসিন্দারা নিজেদের উদ্যোগে বাড়ি বাঁচানো চেষ্টা করেছেন লাভ হয়নি।বৈদ্যবাটি পুরসভার যোয়ারম্যান পিটু মাহাত জানিয়েছেন প্রায় ১৪টি বাড়িতে ফাটল দেখা দিয়েছে,জেলা প্রশাসনকে জানানো হয়েছো।যত দ্রুত সম্ভব ব্যবস্থা নেওয়া হবে। শুক্রবার সেচ দফতর থেকে এলাকা পরিদর্শন করে এবং স্থানীয়, বাসিন্দাদের দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়।

দুর্গম এলাকার জলাশয়ে কচুরপনার নীচে লুকিয়ে রেখেছিল হাকিম। জানা গেছে, হাকিম আলি ব্রেড দিয়ে তার মাথার এক অংশ কেটে ডেসম্পার স্ব স্বাধিকারিকে গিয়ে বলেছিল, আজ ভোররাত ৩,১৬টায় সে ডাকাতদের খপ্পরে পড়েছিল। তাকে অপহরণ করেছিল ডাকাতের দল। তা শুনে ডেস্পার স্বাধিকারীরা রফিকুল ইসলাম ফাটশিল থানায় ঘটনা সম্পর্কে এফআইআর দায়ের করেন। এফআইআর-এর ভিত্তিতে মামলা রুজু করে তদন্ত-অভিযান চালিয়ে যাতক হাতিম আলিকে পুলিশ গ্রেফতার করেছে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ২৪২ সংখ্যা, মঙ্গলবার, ১৫ শ্রাবণ , ১৪৩০

হজে মহিলা তীর্থযাত্রী


বিজেপি লোকসভায় তাদের আসন নিশ্চিত করতে সংখ্যালঘুদের ভোটের দিকে তাকিয়ে রয়েছে। এবারে বিজেপি দলের কেন্দ্রীয় কমিটিতে দিলীপ ঘোষ বাদ হয়ে গেলেও সেখানে এসেছেন সংখ্যালঘুদের একজন মুসলিম ব্যক্তি। বিজেপি দল যে মুসলিম বিরোধী নয় সেটাকে প্রমাণ করতেই এখন বিজেপি দলের নেতারা মরিয়া হয়ে উঠতে শুরু করে দিয়েছেন। বিরোধী দলের নেতারা বিজেপি দলকে সাম্প্রদায়িক দল বলে প্রচার করে থাকে। সেই সাম্প্রদায়িক তকমা এবারে ছেড়ে ফেলতে শুরু করে দিয়েছেন বিজেপি দলের নেতারা। লোকসভার নির্বাচনের দামামা বাজতে শুরু করে দিয়েছে। রাজস্থান এবং তেলঙ্গানার বিধানসভার ভোট রয়েছে। এবারে রাজস্থানে বিজেপি দলের দিকে হাওয়া ঘুরতে

সম্পাদকীয়
শুরু করে দিয়েছে। সেখানে বিজেপি দল যদি সরকার গঠন করে তাহলে অবাক হওয়ার কোনও কারণ নেই। উত্তর প্রদেশে মোদির মন কি বাত নিয়ে একটি বই প্রকাশ করা হয়েছে। সেই বইটিতে ১২ উল্লেখযোগ্য মোদির ভাষণ স্থান পেয়েছে। প্রধানমন্ত্রী মনের কথা হচ্ছে হজ যাত্রায় মহিলাদের সুবিধা করে দেওয়া হয়েছে। এই বছরে চার হাজার মুসলিম মহিলা মেহরামকে ছাড়াই হজ যাত্রা করতে পেরেছে। একে বিশাল রূপান্তর বলে আখ্যা দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি পরিস্কার করে বলে দিয়েছেন আগে মুসলিম মহিলাদের হজ যাত্রা অনেক অসুবিধা দেখা দিতে শুরু করেছিল। মেহরাম ছাড়া হজ যাত্রায় মহিলাদের অনুমতি দেওয়া হতো না। এবারে কিন্তু মহিলারা মেহরাম ছাড়া হজ যাত্রা করতে পারছে। মেহরাম ছাড়া যারা হজ যাত্রায় অংশ গ্রহণ করেছিলেন তাদের জন্য সমন্বয়কারী নিয়োগ করা হয়েছিল। প্রধানমন্ত্রী মোদি বলেছেন এবারে বহু মুসলিম মা বোনোরা আমাকে চিঠি লিখেছেন। তাঁরা আর প্রশংসা করেছেন। রাজনৈতিক দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন যে এখন মোদি সরকার অন্য পথ ধরে এগোতে শুরু করে দিয়েছে। এতদিন ধরে বিজেপি দলকে সাম্প্রদায়িক বলে যে তকমা দেওয়া হচ্ছিল তা এখন আর দেওয়া সম্ভব হবে না। মুসলিম মহিলাদের ভোট এখন বিজেপি দিকে পড়তে শুরু করে দিয়েছে। উনিশের ভোটে দ্বিতীয়বার বিজেপি দল ক্ষমতা লাভ করার পরই তিন তালাক প্রথাকে ফৌজদারি অপরাধ বলে গণ্য করে আইন করা হয়েছিল। এবারে মোদির লক্ষ্য হচ্ছে অভিন্ন দেওয়ানি বিধি। এই অভিন্ন দেওয়ানি বিধি চালু করতে বিজেপি দল প্রথম থেকেই প্রচার করতে শুরু করে দিয়েছিল তখন তারা বিরোধী দল হিসাবে পরিচিত। তাদের ইস্তাহারে অভিন্ন দেওয়ানি বিধি চালু করার পক্ষে বক্তব্য রাখতে শুরু করে। এবারে সরকারে এসে সেই অভিন্ন দেওয়ানি বিধি চালু করার ওপরে বেশি করে জোর দেবে বিজেপি দল সেটা নিশ্চিত। উত্তর প্রদেশে ২৭ শতাংশ স্থান সংরক্ষিত করা হয়েছে অনুরূপ শ্রেণিতে জন। বিজেপি দলের গা থেকে উচ্চবর্ণের গন্ধটাকে একেবারে মুছে দেওয়ার চেষ্টা করছে বিজেপি দল। উত্তর প্রদেশ সহ বিভিন্ন রাজ্যে বিজেপি দলের নেতারা এখন মুসলিম এলাকায় বেশি করে সফর করছেন এবং তাদের সঙ্গে কথা বলতে সম্পর্ক তৈরি করতে শুরু করে দিয়েছে। বিজেপি দলের নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে গরিব পরিবারের সঙ্গে দলের সম্পর্ক তৈরি করতে হবে। উত্তর প্রদেশে ইতিমধ্যে গরিব মুসলিম পরিবারের সদস্যদের নিয়ে একটি সম্মেলন করা হয়েছে। এদিকে ইণ্ডিয়ান লালটি মণিপুর থেকে বিরোধে। তাঁরা মণিপুরের বুড়াচাঁদপুর, বিষ্ণুপুর, পশ্চিম ইক্ষফল সহ বিভিন্ন স্থান পরিদর্শন করেন। মণিপুর সমস্যা নিয়ে প্রধানমন্ত্রী কোনও কথাই বলছেন না। এদিকে বিজেপি দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন সব বিষয়ে প্রধানমন্ত্রী কথা বলবেন, না হলে চলবে না, এটা রী কী রকম নীতি বিরোধী দলের।

ভারতবর্ষ

ভারত বিখ্যাত লেখক এস ওয়াজেদ আলিকে নিশ্চয়ই কেউ ভুলে যাননি। তিনি ‘ভারতবর্ষ’ বলে একটি প্রবন্ধ রচনা করেছিলেন। সেখ ানে তিনি লিখেছেন, “ সেই ট্রাডিশন সমানে চলছে।” থামার কোনও লক্ষণ নেই। লেখক এস ওয়াজেদ আলি বিদেশে গিয়েছিলেন। প্রায় কুড়ি বছর বাদে তিনি ভারতে এসেছেন। এই রাজ্য ধরে হাঁটছেন। রাস্তার বেশ কিছু পরিবর্তন হয়েছে। নতুন রাস্তা তৈরি হয়েছে। বিজলি আলো এসেছে। কেরোসিন তেলের কুপি জ্বলানো বন্ধ হয়ে গিয়েছে। তিনি নতুন রাস্তা দেখতে গিয়ে দেখতে পেলেন সেই তাঁর দেখা অতীতের দোকানটি পরিবর্তন রয়েছে। কেরোসিন তেলের আলো আর জ্বলে না। বিজলি আলো জ্বলছে। কিন্তু দূর থেকে দেখতে পেলেন যে চার পাঁচজন ছোট বালকেরা এক মন দিয়ে একটি বইয়ের পাঠ শুনছেন। তিনি অবাক হয়ে গেলেন। কুড়ি বছর আগে যে রকমভাবে ছোটরা এক মন দিয়ে বইয়ের একটি পাঠ শুনছিল আজ সেই রকমই ভাবে মন দিয়ে ছোটরা বইয়ের পাঠ শুনতে বাস্তু। তাদের সমানে এসে দোকানদার জিজ্ঞাসা করলেন, আপনাকে কুড়ি বছর আগে এই রকমভাবে বই পাঠ করতে দেখছি। আজও সেই রকমভাবে বই পাঠ করে চলেছেন। দোকানদার লেখককে জানালেন, আপনি ঠিক দেখে ছেন। তখন আমার পিতা জীবিত। তিনি তখন আমাদের রামায়ণ পাঠ করে শোনাতেন। আর আজকে আমার পিতা প্রয়াত। তাঁর স্থানটিকে আমি গ্রহণ করে রামায়ণ পাঠ করে আমার ছেলেমেয়েদের শোনাই। লেখকের চোখের সমানে ভারতবর্ষের আসল তত্ত্বটা প্রকাশ হয়ে গেল। তিনি উপলব্ধি করতে পারলেন ভারতের সংস্কৃতিবোধের কথা। ভারতবর্ষে রাম নাম নিয়ে প্রচার শুরু হয়ে গিয়েছে। রাম নাম নেওয়া কোনও অন্যায় নয়। রাম নাম করলে কোনও জাত যায় না। প্রতিটি হিন্দুদের উচিত হচ্ছে রাম নাম করা। রাম নামের মধ্যে কোনও বিচ্ছিন্নতাবাদী তত্ত্ব লুকিয়ে নেই। রাম নাম কোনও একটি জাতিকে বোঝায় না। রাম নামের মধ্যে ভারতের সংস্কৃতি লুকিয়ে রয়েছে। ভারতের সভ্যতার বিকাশ লুকিয়ে রয়েছে। ভারতের তপোবনের শিক্ষা থেকে শুরু করে তপোবনের সংস্কৃতিও লুকিয়ে রয়েছে। আর মহাভারতের মধ্যে রয়েছে ভারতের শাসনতন্ত্রকে কীভাবে পরিচালনা করতে হবে তার তত্ত্ব। সেই সত্যের বিকাশ ঘটাতে হবে। তবেই ভারতকে রক্ষা করা সম্ভব হবে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



যে শাস্ত্রী মা সে কিন্তু তোমার অর্ধেক অঙ্গের মা অর্থাৎ তুমি আর তুমোর স্বামী দুজনে মিলে কিন্তু পূর্ণাঙ্গ। আর মা মানেই জগত জননী সর্বসম্বী। লৌমা আসলে তার আঙুে আঙুে কর্তৃত্ব হারায়, আবার ছেলেকে হারানোর ভয় থাকে।

কালী সাধক বামাক্ষ্যাপা

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা মনে করেন, তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বলেছেন, মানব সেবার্য হতে হতে হবে। সেবার মধ্যে দিয়ে ঈশ্বরের স্বদান করতে হবে। যিনি মানব সেবা তথা জীব সেবা করতে পারেন তাঁর স্থান হচ্ছে ঈশ্বরের ওপরে। প্রকৃত জীব সেবা কোনও সময়ে বদনাম করে না। জীব সেবা হচ্ছে মহৎ কাজ। যিনি জীব সেবা করতে পারেন তিনি সবার কাজে প্রিয় হন। জীব সেবাই হচ্ছে ভগবান সাধনার একটি অনাতম পথ। বহির্কে সেবার মস্ত্রে দীক্ষিত করা উচিত। সেবাকে জীবনের পরম পথ বলে স্বীকার করে নিতে বলেছি বললেন তন্ত্র সাধক বামাক্ষ্যাপা। সেই কারণে বেলেড় মঠের প্রতিটি সন্তানের সেবার কাজে লিপু থাকে। তাদের কাজই হচ্ছে জীব সেবা করা। তন্ত্র সাধক বামাক্ষ্যাপা সবাইকে জীব সেবার কাজে উদ্বুদ্ধ করেছিলেন।

বাংলার বিপ্লবীদের সশস্ত্র সংগ্রামে বেথুন ছাত্রীরা অত্যাচারী ব্রিটিশ শাসকদের দিকে তাক করে পিস্তল ধরতে কুণ্ঠাবোধ করে নি

বাংলার বিপ্লবীদের সশস্ত্র সংগ্রামে বেথুন ছাত্রীদের অংশ গ্রহণ করার ব্যাপারে বহুকাল ধরে লেখার ইচ্ছা ছিল। সেই ইচ্ছা এবারে পূরণ করা সম্ভব হল। বিপ্লবী দলে মহিলাদের নাম লেখানোর কোনও অধিকার ছিল না। বিপ্লবীরা তাদের গুপ্ত আন্দোলনে মহিলাদের অংশ গ্রহণ করতে দিতে নারাজ ছিল। বিপ্লবী বারীন্দ্র কুমার ঘোষ থেকে শুরু করে মাস্টারদা সূর্য সেন পর্যন্ত বিপ্লবী দলের মহিলাদের অংশ গ্রহণ করাটাকে বেশি পছন্দ করতেন না। তাঁরা মনে করতেন যে বিপ্লবী দলে মহিলারা থাকলে ব্রিটিশ পুলিশদের কাছে খবর পেঁাছে যাবে। মহিলারা ব্রিটিশ পুলিশদের অত্যাচারকে সহ্য করতে না পেরে বিপ্লবীদের সব গোপন তথ্য ফাঁস করে দেবে। সেই কারণে মহিলাদের বিপ্লবী দলে অংশ গ্রহণ করা যাবে না। মহিলাদের বাদ দিয়েই বাংলার সশস্ত্র সংগ্রাম গড়ে উঠেছিল।

কিন্তু সেই সিদ্ধান্ত যে ভুল তা প্রমাণ করে দিলেন মহিলা বিপ্লবীরা। বিপ্লবী দলে যোগদান করে সেই সিদ্ধান্তকে পরিবর্তন করলেন বেশ কিছু বিপ্লবী মহিলা তাঁদের মধ্যে রয়েছেন প্রীতিলতা ওয়াদ্দদদার, বীণা দাস এবং কল্পনা দত্ত। এঁনারাই সবাই কিন্তু বেথুন কলেজের ছাত্রী। এবছর বেথুন কলেজিয়েট স্কুল ১৭৫ বছরে পা দিল। বেথুন স্কুল এর পরে কলেজ স্থাপিত হয়েছে। তবুও বেথুন স্কুলের ১৭৫ বছরের পদার্পণ কালে এঁদের নাম স্মরণ করেই আজকের লেখা। বেথুন স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল ১৮৪৯ সালে। আর কলেজ প্রতিষ্ঠা লাভ করে ঠিক তার কুড়ি বছর পরে অর্থাৎ ১৮৭৯ সালে। এবছর বেথুন কলেজ ১৪৪ তম বর্ষে পদার্পণ করলো। বাংলার মহিলা শিক্ষা কেন্দ্র হিসাবে খ্যাতিলাভ করেছে বেথুন স্কুল ও কলেজ উভয়েই। এই শিক্ষা কেন্দ্র এর ছাত্রীরা ভারতকে স্বাধীন করার ক্ষেত্র থেকে শুরু করে অত্যাচারী ব্রিটিশ শাসকদের দিকে তাক করে পিস্তল ধরতে কুণ্ঠাবোধ করে নি। তাঁদের যে নিঃস্বার্থ দেশপ্রেম তা নিয়ে কোথাও বেশি আলোচনা করতে দেখা যায় না। মহিলা বিপ্লবী বলেই কি এঁনাদের প্রতি এত অবহেলা? এই নিয়ে কেউ কেউ প্রশ্ন করতে থাকেন। কিন্তু আমার তা মনে হয় না। এখনও প্রীতিলতা, কল্পনা দত্ত এবং বীণা দাসকে নিয়ে যথেষ্ট আলোচনা করা হয়। তাদের বীরত্বের কথা কিন্তু বাংলার ইতিহাসের পাঠ্য



থেকে সবাই জানতে পারে যে কল্পনা দত্তের কথা। নাহলে বাঙালিরা প্রায় সবাই বলতে গেলে ভুলে গিয়েছে মহিলা বিপ্লবীদের কথা এবং তাঁদের আত্মত্যাগের কথা। আজকের প্রতিবেদন তাঁদেরকে নিয়েই। তাঁদেরকে শ্রদ্ধা জানাতে এবং তাঁদের আত্মত্যাগের কথাকে স্মরণ করতেই আজকের শ্রদ্ধাঞ্জলি। রবীন্দ্র কুমার শীল)

প্রীতিলতা ওয়াদ্দদদার (৫ মে, ১৯১১-২৪ স্পেটম্বর ১৯৩২) ঃ বাংলার স্বাধীনতা সংগ্রামে প্রভাবশালী নেত্রী ছিলেন। চট্টগ্রাম এবং ঢাকাতে পড়াশুনা করেছেন। দর্শন শাস্ত্রে স্নাতক হয়েছিলেন। তিনি বাংলার প্রথম মহিলা শহিদ। ৫ মে, ১৯১১ সালে ধলঘাট, পটিয়া, চট্টগ্রামে জন্ম গ্রহণ করেছিলেন। পিতা ছিলেন সেন্স ইনকার পুরসভার প্রধান কেরানি। তাঁর নাম জগবন্ধু ওয়াদ্দদদার। মাতার নাম ছিল প্রতিভা দেবী। তাঁদের ছয় সন্তান - মধুসূদন, প্রীতিলতা, কনকলতা, শান্তিলতা, আশালতা এবং সন্তোষ। আগে তাঁদের পরিবারের পদবী ছিল দাশগুপ্ত। পরিবারের কোনও পূর্ব

হতো। ১৯১৮ সালে এখান থেকে প্রাথমিক শিক্ষা লাভ করেছিলেন। বেথুন কলেজের এর একজন সার্থী কল্পনা দত্ত ছিলেন তাঁর সেই স্কুল বন্ধু। এক ক্লাসে পড়াশুনা করতেন এবং ব্যাডমিন্টনও খে লতেন। স্কুলে পড়াশুনা করার সময়ে বাঁসির রানির বীরত্বের কথা তাঁদের মনের মধ্যে একেবারে গেথে গিয়েছিল। ১৯২৬ সালে সংস্কৃতে বৃত্তি লাভ করলেন। ১৯২৮ সালে মাস্ট্রিক পাশ করেন। আই এ পড়ার জন্য তিনি ঢাকার ইডেন কলেজে ভর্তি হয়েছিলেন। ১৯৩০ সালে আই এ পরীক্ষায় মহিলাদের মধ্যে পঞ্চম স্থান লাভ করেছিলেন। ফলে তিনি মাসিক কুড়ি টাকা বৃত্তি পেয়েছিলেন। সেই বৃত্তির টাকা দিয়ে কলকাতায় এসে বেথুন কলেজে ভর্তি হলেন। তাঁর বিষয় ছিল দর্শন। ১৯৩২ সালে ডিসটিশন নিয়ে বিএ পাশ করেন। প্রীতিলতার নিকট আত্মীয় পূর্ণেন্দু দাশগুপ্ত বিপ্লবী দলের সদস্য ছিলেন। তিনি সরকারি নিষিদ্ধ বা বাজেয়াপ্ত বই প্রীতিলতার কাছে রেখে দিতেন। সেই সব সরকারি নিষিদ্ধ বইগুলি রাতের অন্ধকারে ঘরে বসে

বিজেপির কেন্দ্রীয় কমিটি থেকে বাদ দিলীপ ঘোষ এর পেছনে কি কোনও মতপার্থক্য কাজ করেছিল

বিজেপি দল এবারে নতুন করে কেন্দ্রীয় কমিটি তৈরি করলো। সেখানে বাদ পড়ে গেলেন বাংলার দিলীপ ঘোষ। প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছে যে বিজেপি দলের মধ্যে কোন্দল সৃষ্টি হওয়ার কারণেই কি দিলীপ ঘোষকে সরিয়ে দেওয়া হল? যদিও দিলীপ ঘোষ বলেছেন যারা লোকসভার নির্বাচনে লড়বেন তাঁদেরই কেন্দ্রীয় কমিটি থেকে বাদ দেওয়া হবে। কেন্দ্রীয় কমিটি থেকে সরে যাওয়ার ফলে এখন সবাই ভাবতে শুরু করে দিয়েছে যে দিলীপ ঘোষকে মন্ত্রী করা হতে পারে।



দিয়েছিলেন। রাজ্য বিজেপি দলের একজন নেতা বলেছেন যে কেন্দ্রীয় কমিটির বৈঠরে রাজ্য বিজেপির বিপুল সমালোচনা করেছিলেন দিলীপ ঘোষ। এমন সব আগ্রিয় প্রসঙ্গ তুলতে শুরু করে দিয়েছিলেন কেন্দ্রীয় কমিটির বৈঠকে তাতে বিরত বোধ করতে শুরু করে কেন্দ্রীয় নেতারা। দেখে ভালে। যদি বিজেপি দলকে বাদ দে পাওয়া গেল সামগ্রিকভাবে দলকে প্রশ্নের মুখে পড়তে হয়েছিল। এই বিষয়টি নিয়ে রাজ্য ঘোষের সরে যাওয়ার পিছনে মতপার্থক্য কাজ করেছিল বলে আলোকেই অনুমান করতে থাকে। দিলীপ ঘোষের সঙ্গে বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারীর এবং

শুরু করে দিয়েছিলেন রাজ্য নেতারা। দলের ঐক্যকে নষ্ট করতে শুরু করে দিয়েছেন দিলীপ ঘোষ। বিভিন্ন দল বিরোধী মন্তব্য করে। বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারীর সঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দুই দিন ধরে



আলোচনা করেছিলেন দিল্লিতে। অনেকেই মনে করতে শুরু করে দিয়েছিলেন যে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সঙ্গে শুভেন্দুর বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল কেন্দ্রীয় কমিটি থেকে দিলীপ ঘোষকে বাদ দেওয়া যেতে পারে। যদিও কেন্দ্রীয় এবং রাজ্য নেতারা এ ব্যাপারে কোনও রকম মুখ খ লতে নারাজ। এই প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেছেন যারা লোকসভার নির্বাচনে বিজেপি দলের হয়ে প্রার্থী হতে ইচ্ছুক তাঁদেরকে কেন্দ্রীয় কমিটিতে রাখা হবে না। দিলীপ ঘোষ আন্তর্জাতিক বায়ু দিবস উপলক্ষ্যে একটি টুইট করেছেন। সখানে তিনি মন্তব্য

করেছেন, আজ আন্তর্জাতিক বায়ু দিবস। এই পৃথিবীর জল-হাওয়া আলো মাটির ওপরে আমাদের অধিকার আছে, ততটাই অধিকার আছে প্রাণীদেরও। আমাদের মতোই নিজের সন্তানের প্রতি ওরা যত্নশীল। জঙ্গলে না বাঁচলে ওরাও অবলুপ্ত হয়ে যাবে। আসুন জঙ্গল বাঁচাই। বাঘ থাকলে জঙ্গল বাঁচবে। রাজনৈতিক পর্যবেক্ষকেরা মনে করছেন যে দিলীপ ঘোষের টুইটের শেষ লাইনগুলি বেশ তাৎপর্যপূর্ণ। দলকে কি বার্তা দিতেই এই রকম মন্তব্য করলেন তিনি। আসলে রাজ্য বিজেপি বেশি শক্তিশালী হতে পারছে না তার একটি মাত্র কারণ হচ্ছে সামাজিক মেলা মেশা থেকে শুরু করে সাধারণ মানুষের সঙ্গে কথা বলার অভাব। এই রকম বলার ইচ্ছা প্রকাশ করেছিলেন বলে দিলীপ ঘোষ বলে জানতে পারা গিয়েছে। রাজ্য বিজেপি দলটা একেবারে জনগণ থেকে ক্রমশ বিচ্ছিন্ন হয়ে যেতে শুরু করে দিয়েছে বলে মনে করে থাকেন দিলীপ ঘো,। তিনি মনে করে রাজ্য বিজেপি দলের প্রচিটি কর্মীদের কাজই হচ্ছে জনগণের সঙ্গে মেশা এবং তাদের বিপদ আপদে গিয়ে পাশে দাঁড়ানো। রাজ্য বিজেপি দলের এটা সবথেকে বড় অভাব দেখা দিতে শুরু করে দিয়েছে। কৃষকদের পাশে থেকে তাদের জন্য সময় দিতে হবে। যুব সংগঠনকে শক্তিশালী করতে গেলে মাটির ওপরে গিয়ে দাঁড়াতে হবে। সকলের সঙ্গে হাত মিলিয়ে চলতে হবে। অন্যায় দেখলে তা প্রতিকার করতে হবে।


পড়ে গেলে মনোরঞ্জন রায় মহিলা বিপ্লবীদের সংগঠিত করা দায়িত্ব পালন করেন। প্রীতিলতা বিপ্লবী রামকৃষ্ণ বিশ্বাসকে মন প্রাণ দিয়ে ভালোবাসতে শুরু করে দিয়েছিলেন। তার একটি মাত্র কারণ দেশকে ভালোবাসার ক্ষেত্রে রামকৃষ্ণ বিশ্বাসের কোনও খাদ ছিল না। একেবারে সোনার খাটির নতো দেশকে ভালোবাসতেন রামকৃষ্ণ। ১৯৩০ সালে ২ ডিসেম্বর ক্রেগের পরিবর্তে চাঁদপুরের এসডিও তারিণী মুখার্জিকে হত্যা করলেন। জেলের ফাঁস আসানি হয়ে রামকৃষ্ণ যখন ছিলেন কারাগারে তখন তাঁর সঙ্গে দেখা করতে প্রীতির মাসে বিপ্লবী কলকাতার আলিপুর জেলে। ১৯৩২ সালে মাস্টারদা সূর্য সেনের সঙ্গে পরিচয় করলেন প্রীতিলতা। ১৯৩০ সালে ১০ আগস্ট চট্টগ্রামের ইউরোপীয়ান ক্লাব আক্রমণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেটা ব্যর্থ হয়েছিল। তারপরে সেপ্টেম্বর মাসে বিপ্লবী মহিলাদের ওপর দায়িত্ব দিয়ে এই ক্লাব আক্রমণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়। এর সাতদিন আগেই কল্পনা দত্ত ধরা পড়ে গেলেই পুলিশের হাতে ২৩ সেপ্টেম্বর প্রীতিলতার নেতৃত্বে ইউরোপীয়ান ক্লাব আক্রমণ করা হল। সংঘর্ষ শুরু হওয়ার মধ্যেই প্রীতিলতা গুলিবিদ্ধ হন। সঙ্গে সঙ্গে তাঁর সঙ্গে থাকা পটাসিয়াম সায়ানাইড খেয়ে দেহ রাখলেন প্রীতিলতা।

কল্পনা দত্ত (২৭ জুলাই ১৯১৩-৪ ফেব্রুয়ারি ১৯৯৫) ঃ ১৯৩০ সালে চট্টগ্রামে অস্ত্র লুণ্ঠন পরিকল্পনার সঙ্গে যুক্ত ছিলেন। তিনি চট্টগ্রাম জেলার শ্রীপুর, বোয়ালখালী জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতার নাম ছিল বিনোদ বিহারী দাশগুপ্ত। কলকাতার বেথুন কলেজে বিজ্ঞানের ছাত্রী হয়ে পড়াশুনা করেছেন। বীণা দাস এবং প্রীতিলতার সঙ্গে তাঁর ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। ১৯৩১ সালে তিনি মাস্টারদা সূর্য সেনের বিপ্লবী দলে নাম লিখিয়েছিলেন। ইউরোপীয়ান ক্লাব আক্রমণ করার আগে পুলিশ তাঁকে থেফতার করে সব খবর জানার চেষ্টা করেছিল। কিন্তু তিনি কোনও কিছুই জানেন না বলে ব্যক্ত করেন। জামিনে মুক্তি পেয়ে আলোগোপন করেন। ১৯৩৩ সালে ১৬ ফেব্রুয়ারি গাইরালা গ্রামে তাদের লুকানো স্থানে গিয়ে পুলিশ আক্রমণ করে মাস্টারদা সূর্য সেনকে থেফতার করলেও কল্পনা

পালিয়ে যেতে সক্ষম হয়েছিলেন। ১৯৩৩ সালে ১৯ মে আবার তাঁকে থেফতার করা হয়। চট্টগ্রামে অস্ত্রাগার লুণ্ঠনের দলে তাঁর যোগ থাকার অপরাধে তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছিল। ১৯৩৯ সালে তিনি মুক্তি লাভ করেন। তিনিও পূর্ণেন্দু দাশগুপ্ত এবং মনোরঞ্জন রায়ের সান্নিধ্যে এসেছিলেন। ১৯২৯ সালে চট্টগ্রামে সূর্য সেনের অনুগামীরা মহিলা সম্মেলন করলে সেখানে প্রীতিলতা এবং তিনি যোগ দিয়েছিলেন। কল্পনা দত্ত ছয় বছর কারাগারে ছিলেন। ১৯৩৯ সালে মুক্তি লাভ করেন। ১৯৪০ সালে ৬ই পাশ করেন। ১৯৪০-৪১ সাল গৃহবন্দি থাকেন। তারপরে তিনি কমিউনিস্ট পার্টিতে যোগদান করেন। সেই সময়ে তিনি কমিউনিস্ট নেতা পি সি জেশীর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। ১৯৫০ সালে ইণ্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইন্সটিটিউটে চাকরি করেন। বীণা দাস (২৪ আগস্ট ১৯১১- ২৬ ডিসেম্বর ১৯৮৬) ঃ বীণা দাস জন্ম গ্রহণ করেন নদীয়ার কৃষ্ণনগরে। তাঁর পিতা বাড়ি ছিল চট্টগ্রামে। তাঁর পিতা পণ্ডিত বৈদী মাধব দাস ব্রাহ্ম ছিলেন। মাতার নাম সরলা দাস। ১৯৪৭ সালে স্বাধীনতা সংগ্রামী যতীন ভোমিকের সঙ্গে তাঁর বিবাহ হয়েছিল। ১৯৩২ সালে ৬ ফেব্রুয়ারি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে ভাষণ দিচ্ছিলেন বাংলার লার্টসাহেব স্ট্যানলি জ্যাকসন। সেই সময়ে লার্টসাহেব স্ট্যানলি জ্যাকসনকে লক্ষ্য করে পিস্তল দিয়ে গুলি ছোঁড়েন। ঘটনাস্থলেই ওয়াদ্দদদ সহ ধরা পড়েন ২১ বছরের ছাত্রী বীণা দাস। বেথুন কলেজের ছাত্রীরা সাইমন কমিশনের বিরুদ্ধে আন্দোলন করার ফলে কলেজের প্রিন্সিপাল মিস জি. এম রাইট বললেন সবাইকে ক্ষম চাইতে হবে নাহলে হোস্টেলে থাকতে দেওয়া হবে না। সেই সময়ে প্রেসিডেন্সি কলেজে ছাত্রদের এবং বেথুন কলেজের ছাত্রীদের এলবার্ট হলে অভিনন্দন দেওয়া হয়েছিল। লার্টসাহেবকে গুলি করার অপরাধে তাঁর নয় বছর কারাদণ্ড হয়। যাদবপুরের ‘আদর্শ বালিকা বিদ্যালয়’ এবং ‘যোধপুর পার্ক গার্লস স্কুলে’ শিক্ষকতা করেন। জামিনে মুক্তি পেয়ে আলোগোপন করেন। ১৯৩৩ সালে ১৬ ফেব্রুয়ারি গাইরালা গ্রামে তাদের লুকানো স্থানে গিয়ে পুলিশ আক্রমণ করে মাস্টারদা সূর্য সেনকে থেফতার করলেও কল্পনা

হেরিটেজ

রাষ্ট্রপতি ভবন



ভারতের রাষ্ট্রপতি ভবনটি আগে ছিল ভাইসরয় ভবন। রাহিসিনার পশ্চিমপ্রান্তে অবস্থিত। ৩৪০টি কক্ষ রয়েছে। এটি তৈরি করা হয়েছিল ব্রিটিশ ভারত শাসন কালে। ১৯১২ সালে এই রাষ্ট্রপতি ভবনটি নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১৯১১ সাল থেকে ১৯১৬ সাল পর্যন্ত চার হাজার একর জমি অধিগ্রহণ করা হয়েছিল। ব্রিটিশ স্বপ্নটি এডউইন ল্যাণ্ডসিয়ার লুটিয়েন্স এই ভবনটি পরিকল্পনার প্রধান দায়িত্বে ছিলেন। সঙ্গে ছিলেন হার্বার্ট বেকার। মোঘল শৈলীতে নির্মাণ করা হয়েছিল বাগানটি। সেই কারণে এই বাগানটির নামকরণ করা হয়েছে মোঘল গার্ডেন। বৌদ্ধ এবং হিন্দুদের ধর্মকে অনুগরণ করে বহু শিল্প এখানে নির্মাণ করা হয়েছে। প্রতিটি কলামে একটি করে ঘটনা রয়েছে। ১৯৩১ সালে এই ভবনটির আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ভবনটি সম্পূর্ণ হতে সাতারো বছর সময় লেগেছিল। এটি তৈরি করতে ৭০০ মিলিয়ন ইট এবং ৩.৫ মিলিয়ান পাথর রয়েছে। এই ভবনটির প্রকল্পের প্রধান কৌশলী ছিলেন স্যার তেজা সিং এবং চারজন ঠিকাদার তেজা সিং সহ। দরবার হলে ৫০০ জন বসার স্থান রয়েছে। এখানেই ভারতের শেষ ভাইসরয় লর্ড মাউন্টব্যাটেন এর কাছ থেকে প্রধানমন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু। এখানে গম্বুজ রয়েছে যা লর্ড হার্জিউ উচ্চতা বৃদ্ধি জওহরলাল নেহরু। অমৃত উদ্যান রয়েছে। ২০১৪ সালে একটি জাদুঘর উদ্বোধন করেছিলেন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। ১৯৮৫ সালে রাষ্ট্রপতি ভবনটি পুনঃসংস্কারের প্রয়োজন হয়েছিল। স্থাপত্য পুনরুদ্ধারে দায়িত্বে ছিলেন সুনীতা স্কোহেরা। দ্বিতীয় পুনরুদ্ধার সংস্কার শুরু হয়েছিল ২০১০ সালে। ভরতীয় সংস্কৃতিদিয়ে তৈরি করা হয়েছিল এই ভাইসরয় ভবনটি। ১৯৪৭ সালে দেশ স্বাধীন হওয়ার পরে এটি রাষ্ট্রপতি ভবনে পরিণত হয়। তবে এখানে ১৯৪৭ সালের পর ভারতের শেষ ভাইসরয় ১৯৪৮ সাল পর্যন্ত স্বাধীন ভারতের দায়িত্বভার গ্রহণ করেছিলেন। তারপরে রাষ্ট্রপতি হিসাবে শপথ গ্রহণ করেন চক্রবর্তী রাজাগোপালাচারী। বর্তমান ভারতের রাষ্ট্রপতি দৌপতী মুর্মু।

বয়সের আগেই চোখে, মুখে বার্ধক্যের ছাপ? ঘরোয়া উপকরণেই ঠিক করতে পারেন

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ত্বক কৃচ্চক যাওয়া খুবই স্বাভাবিক ঘটনা। কিন্তু কম বয়সে চেহারায বার্ধক্যের ছাপ দেখা দিলেই তা চিন্তার বিষয়। আধুনিক জীবনে



বলিরেখা আর বয়সের সূত্র মেনে মুখে তার ছাপ ফেলে না। ইদানীং ৩০ পেরোনার আগেই চোখ ও ঠোঁটের পাশে, কপালে বয়সের ছাপ পড়ে যায়। অর্থাৎ সময়ের আগেই বৃদ্ধ হতে থাকে ত্বকা মূলতঃ অস্বাস্থ্যকর জীবনযাপন এবং খাদ্যভাস, ব্যস্তের মতো, সূর্যের ক্ষতিকর রশ্মি, বাইরের ধুলোবালি, দূষণ, স্ট্রেস - সব মিলিয়ে ত্বক নিস্তেজ হয়ে পড়ে। চোখে, মুখে বলিরেখা, ফাইন লাইনস ফুটে ওঠে। বাজারচলতি প্রচুর প্রসাধনী পাওয়া যায়, যেগুলি বলিরেখা দূর করতে ব্যবহার করেন অনেকেই। তবে এই জাতীয় প্রসাধনীতে রাসায়নিকের ব্যবহার বেশি। তাই পার্শ্বপ্রতিক্রিয়ার ভয় থেকেই যায়। তবে ঘরোয়া কিছু উপাদানেও কিন্তু এই বলিরেখাকে আটকে দেওয়া যায়। দেখে নিন সেগুলি কী কী-
মধুঃ মধু ত্বকের অর্জতা ধরে রাখতে সাহায্য করে। পুরো মুখে মধু লাগিয়ে ১৫ থেকে

২০ মিনিট রাখুন। তারপর উষ্ণ জল দিয়ে মুখ ধুয়ে ফেলুন।
আলোভেরাঃ আলোভেরা ত্বকের অর্জতা ধরে রাখে। বার্ধক্যের ছাপ পড়তে দেয় না। যে কোনও ধরনের প্রদাহ দূর করতেও সাহায্য করে। বলিরেখা আটকাতে চাইলে ত্বকে টাটকা আলোভেরা জেল প্রয়োগ করুন।
নারকেল তেলঃ নারকেল তেলে প্রচুর পরিমাণে ফ্যাটি অ্যাসিড থাকে। যা ত্বকে অর্জতা বজায় রাখে এবং পুষ্টি জোগায়। শোওয়ার আগে ত্বকে অল্প পরিমাণে নারকেল তেল লাগিয়ে ম্যাসাজ করুন কিছুক্ষণ। তবে তেলতেলে ত্বক বা ত্রণ সমস্যা থাকলে সাবধান! তেল মেখে রেখে দেওয়া যাবে না। কিছুক্ষণ পর ভালো ভাবে ধুয়ে ফেলতে হবে।
অলিভ অয়েলঃ অ্যান্টি-অক্সিড্যান্ট এবং স্বাস্থ্যকর ফ্যাটি রয়েছে অলিভ অয়েলো। যা ত্বকের জন্য

খুবই উপকারী। অল্প পরিমাণ অলিভ অয়েল মুখে লাগিয়ে কয়েক মিনিট রাখুন। তারপর মুখ ধুয়ে ফেলুন।
শশাঃ শশা ত্বক ঠান্ডা ও হাইড্রেট রাখে। শুধু বলিরেখা নয়, ডার্ক সার্কেল এবং ত্বকের অন্যান্য সমস্যাও নিরাময় করে শশা। শশা স্লাইস করে কেটে চোখে ও মুখে লাগিয়ে রাখতে পারেন।
গ্রিন টি অ্যান্টি অক্সিডেন্ট সমৃদ্ধ গ্রিন টি ত্বকের জন্য খুব উপকারী। গ্রিন টি তৈরি করার পর তা ঠান্ডা করে স্প্রে বোতলে ভরে রাখুন। এটি ফেসিয়াল টোনার হিসেবে ব্যবহার করতে পারেন।
কলাঃ পাকা কলা চটকে মুখে মাখুন। মিনিট পনেরো পর মুখ ধুয়ে নিন।
কলা ত্বক ময়েশ্চারাইজ করে। তাছাড়া, ত্বকের স্থিতিস্থাপকতা বাড়িয়ে তুলতে কলার জুড়ি মেলা ভার।
দইঃ ল্যাকটিক অ্যাসিড সমৃদ্ধ দই ত্বককে এক্সফোলিয়েট করে। মুখে টক দই মেখে কয়েক মিনিট রাখুন। তারপর মুখ ধুয়ে ফেলুন।

ত্বকের ঔজ্জ্বল্য বাড়াতে ব্যবহার করুন ধনে পাতা

খাবারের স্বাদ বাড়াতে ধনে পাতার জুড়ি মেলা ভার। মাছ, মাংস থেকে সবজির তরকারির মতো রোজকার খাবার থেকে শুরু করে বালুমুড়ি, ফুচকার মতো মুখরোচক খাবার, সর্বত্রই ধনে পাতার অবাধ যাতায়াত। তাই সারা বছরই এই পাতার আকাশছোঁয়া চাহিদা! কিন্তু ধনে পাতার কাজ কি শুধুই খাবারের স্বাদ বাড়ানো? মোটেই না। বিশেষজ্ঞরা বলছেন, স্বাদের পাশাপাশি ত্বকেরও খেয়াল রাখে ধনেপাতা। অ্যান্টিঅক্সিডেন্ট , ভিটামিন এবং খনিজ পদার্থে ভরপুর ধনে পাতা ত্বকের বিভিন্ন সমস্যায় কাজে আসে। ত্বকের

জেলাও বাড়ায়। জেনে নিন কী ভাবে ব্যবহার করবেন।
ধনে পাতার ফেস মাস্ক তৈরি করে ত্বকের পরিচর্যায় ব্যবহার করতে পারেন। নিয়মিত এই ফেস মাস্ক লাগালে দাগছোপ হালকা হবে, ত্বকের জেলাও ফিরবে। এক মুঠো তাজা ধনে পাতা পেস্ট করে নিন। এক টেবিল চামচ টক দইয়ের সঙ্গে ধনে পাতার পেস্ট মিশিয়ে মুখে লাগান। ১৫ মিনিট পর হালকা গরম জলে মুখ ধুয়ে ফেলুন। ধনে পাতার টোনার ত্বকের পিএইচ লেভেলের ভারসাম্য বজায় রাখে, ত্বক মসৃণ ও উজ্জ্বল করে। এক মুঠো ধনে পাতা জলে মিলে পাঁচেক ফুটিয়ে নিন। জলটা ঠান্ডা

করে ছেঁকে একটি স্প্রে বোতলে ভরে ফেলুন। ফেসওয়াশ বা ক্রিমজার দিয়ে মুখ পরিষ্কার করার পর এই টোনার ব্যবহার করুন। ধনে পাতার তেল ধনে-মিশ্রিত তেল ত্বক ও চুলের পরিচর্যায় খুব উপকারী। ত্বকে পুষ্টি জোগায়, রক্ত সঞ্চালন বৃদ্ধি করে এবং ত্বকের জেলা ফেরায় ধনে পাতার এই তেল। এক কাপ নারকেল বা আমন্ত অয়েলের সঙ্গে এক মুঠো ধনে পাতা ১০ মিনিট ফুটিয়ে নিন। তেলটা ঠান্ডা করে ছেঁকে নিয়ে বোতলে ভরে রাখুন। ত্বকে ম্যাসাজ করুন ধনে পাতার এই তেল। ফল মিলবে হাতেনাতে!

জাগীরোডে একটি নতুন আরওবি-এর বো স্টিং গার্ডার স্থাপন

মালিগাঁও, ৩১ জুলাই : উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে লামডিং ডিভিশনের জাগীরোড রেলওয়ে স্টেশনের নিকটে ১১ মিটার প্রস্থের একটি নতুন ৬ (তিন) লেন রোড ওভার ব্রিজ (আরওবি)- এর বো স্টিং



গার্ডার স্থাপন করা হয়েছে। ৭৪ মিটার বো স্টিং আর্ক স্টিল গার্ডার দ্বারা গঠিত মূল স্প্যান সহ এই আরওবি-এর সামগ্রিক দৈর্ঘ্য ৬৪৪ মিটারেরও অধিক। জাগীরোড স্টেশন ইয়ার্ড ও এনএইচ ৭১৫এ- এর উপর লেভেল ক্রসিং গেট নং- এসটি-২৭ এর পরিবর্তে এই আরওবি নির্মাণ করা হয়েছে। এই নবনির্মিত আরওবি আনুমানিক ৭০ কোটি টাকা ব্যয়ে ২০২৩-এর অক্টোবর মাসের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্য ধার্য করা হয়েছে। সর্বোচ্চ ১২.৮৫ মিটার উচ্চতা সহ বো স্টিং গার্ডারটির ওজন ৭৩০ এমটি। রাস্তায় যানজটের পাশাপাশি ট্রেন চলাচলের শাণ্টিং অপারেশনের জন্য লেভেল ক্রসিং গেট নং- এসটি-২৭-এর পরিবর্তে একটি আরওবি নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল। লেভেল ক্রসিং গেটের পরিবর্তে আরওবি নির্মাণ হলে ডিগারু-হোজাই ডবল লাইন সেকশনে নিরাপদ ট্রেন চলাচলের গতি বৃদ্ধি করবে। একবার এই আরওবি সম্পূর্ণ হয়ে গেলে জাগীরোড স্টেশন ইয়ার্ডের স্টেশন সীমার মধ্যে অবস্থিত ক্রসিং গেটটি বিলুপ্ত হবে, যার ফলে রেল ও রাস্তা ব্যবহারকারীদের সুরক্ষা বৃদ্ধি পাবে। এছাড়াও আরওবি-টি পরিচালনামূলক দক্ষতা বৃদ্ধি করবে, যার ফলে সংশ্লিষ্ট এলাকায় ট্রেন চলাচলের পাশাপাশি রোড ট্রাফিক সুগম হয়ে উঠবে। আরওবি-র বো স্টিং গার্ডার স্থাপন করাটা ছিল সবচেয়ে প্রত্যাহানমূলক। একবার এই নির্মাণ কার্য সম্পূর্ণ হলে এটি বাস্তব সময়ে সুগমভাবে ভিড নিয়ন্ত্রণ করার পাশাপাশি যাত্রীদের রেলওয়ে ট্র্যাক অতিক্রম করাটা প্রতিরোধ করবে। এই আরওবি একবার চালু হয়ে গেলে জাগীরোডের পাশাপাশি মরিগাঁও জেলার জনগণ উপকৃত হবেন।

বি.আর. সিং হাসপাতাল ল্যাপারোস্কোপিক সার্জারির ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য চিকিৎসা কৃতিত্ব

কলকাতা, ৩১ জুলাই : পূর্ব রেলের বি.আর. সিং হাসপাতাল টারিশিয়ারি কোয়ার হাসপাতাল হওয়ায় রোগীদের গুরুত্বের যত্ন সহ সব ধরনের চিকিৎসা দেওয়া হয়। অত্যাধুনিক চিকিৎসা যন্ত্র এবং সনাক্তকরণ ব্যবস্থার সাথে এই হাসপাতালটি পূর্বাঞ্চলে চিকিৎসার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই দিকে, বি.আর. সিং হাসপাতাল ল্যাপারোস্কোপিক সার্জারির ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য চিকিৎসা কৃতিত্ব সম্পাদন করেছে। একজন ৭৭ বছর বয়সী পুরুষ রোগীকে পেটে তীব্র ব্যথা নিয়ে পুরুষ সার্জিক্যাল ওয়ার্ডে ভর্তি করা হয়েছিল। পুষ্কানুপুষ্ক মূল্যায়নের পর, মেডিকেল টিম শনাক্ত করে যে তিনি ক্যান্সারাস কোলেসিস্টাইটিসে ভুগছিলেন, যার সাথে সাধারণ পিত্তনালীতে একাধিক ক্যালকুলা রয়েছে। সফটজনক অবস্থার সাথে সাথে সাদা দিয়ে, বি.আর. সিং হাসপাতালের চিকিৎসা পেশাদারদের একটি দল সতর্কতার সাথে পরিকল্পনা করে এবং ডাঃ সুবীর কুমার কাজিলাল অতিরিক্ত মুখ্য স্বাস্থ্য পরিচালক, উরোসার্জনের নেতৃত্বে ডাঃ দীপাঞ্জন প্রধান, সিনিয়র ডিভিশনালের দক্ষতার নেতৃত্বে একটি যুগান্তকারী প্রক্রিয়া সম্পাদন করে। সার্জারিতে মেডিকেল অফিসার, এবং আনোফ্রেশিয়া বিভাগের দক্ষ দল দ্বারা সমর্থিত, ল্যাপারোস্কোপিক সাধারণ পিত্ত নালী অনুসন্ধান নির্বাহ্যে করা হয়েছিল। এটি বি.আর. সিং হাসপাতালে সম্পূর্ণ ল্যাপারোস্কোপিক সাধারণ পিত্ত নালী অনুসন্ধানের প্রথম দৃষ্টান্ত। অপারেশন থিয়েটারে এবং ওয়ার্ডে নিবেদিত নার্সিং টিম দ্বারা অপারোটভ পর্যায় থেকে পোস্টোপারেটভ কোয়ার পর্যন্ত টিম দ্বারা প্রদর্শিত প্রচেষ্টা এবং সমন্বয় এবং সেইসাথে কর্মীদের সহযাত্রা রোগীর মসৃণ পুনরুদ্ধারের ক্ষেত্রে সহায়ক ছিল। আজ, রোগীকে একটি অস্বাভাবিক পোস্টোপারেটিভ পুনরুদ্ধারের সাথে ছেড়ে দেওয়া হয়েছে, এবং তার স্বাস্থ্য সম্পূর্ণ পুনরুদ্ধারের দিকে ইতিবাচক গতিতে রয়েছে।

ফ্যাশন ও রূপচর্চা

হারান্ছে ত্বকের জেল্লা? প্রতিদিন এই ৬ নিয়ম মানলেই ত্বক হবে ঝলমলে ও মসৃণ!



